অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/17/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল শহরের জেলখানাগুলিতে ন্যায় এবং নিরাপত্তার উন্নতিসাধনের জন্য বড় মাপের পদক্ষেপ নেওয়ার কথা ঘোষণা করেছেন

লেস ইজ মোর কমিউনিটি সুপারভিশন অ্যান্ড রিভোকেশন রিফর্ম অ্যাক্ট** (**S.1144A/A.5576A**) **স্বাক্ষর করেছেন; 191 জন ব্যক্তিকে অবিলম্বে মুক্তি দেওয়া হবে যারা নিজেদের মেয়াদ পূরণ করেছেন লেস ইজ মোর অনুমাপক অনুযায়ী

ডিপার্টমেন্ট অফ কারেকশন্স (Department of Corrections) এবং শহরের সাথে চুক্তির কথা ঘোষণা করেছেন যাতে বন্দী ব্যক্তিদের রাইকার্স আইল্যান্ড থেকে স্টেটের হেফাজতে স্থানান্তর করা যায় এখানে; অন্তত 5 দিন ধরে প্রতিদিন অন্তত 40 জন ব্যক্তিকে স্থানান্তর করা হবে যাদের অন্তত 90 দিনের জন্য শাস্তি দেওয়া হয়েছে

গভর্নর ক্যাথি হোচুল আজ শহরের জেলখানাগুলিতে ন্যায় ও নিরাপত্তার উন্নতিসাধনের জন্য পদক্ষেপ নেওয়ার কথা ঘোষণা করেছেন। লেস ইজ মোর অ্যাক্ট (S.1144A/A.5576A) এ গভর্নর স্বাক্ষর করেছেন যা প্যারোলে থাক একজন ব্যক্তির সামাজিক তত্ত্বাবধান প্রত্যাহার করবে কিনা তা নির্ধারণ করার সময় প্রমাণের মান এবং কিছু অন্যান্য পদ্ধতি পরিবর্তন করে। গভর্নর হোচুল একটি চুক্তির কথাও ঘোষণা করেছেন ডিপার্টমেন্ট অফ কারেকশন্স এবং শহরের যাতে যে সকল ব্যক্তিকে অন্তত নব্বই দিনের জন্য আটক রাখার আদেশ জারি করা হয়েছে তাদের রাইকার্স আইল্যান্ড থেকে নিউ ইয়র্ক স্টেটের ফেসিলিটিগুলিতে স্থানান্তর করার জন্য।

"প্যারোলে থাকা আমাদের সতীর্থ নিউ ইয়র্কবাসীদের আমাদের সহায়তা ও সম্মানের সাথে সমাজে ফিরে আসার যোগ্য - প্রযুক্তিগত লঙ্ঘনের জন্য প্যারোলিদের বন্দী করা তাদের ফাঁদে ফেলে এবং আমাদের সম্প্রদায়কে সাহায্য করে না," **গভর্নর হোচুল বলেন।** "বর্তমানে যে নিউ ইয়র্কবাসীরা জেল ও কারাগারে সাজা ভোগ করছেন, তাদেরও আমাদের সমর্থন প্রাপ্য - কারাগারে বন্দী নিউ ইয়র্কবাসীদের সাথে খারাপ আচরণ করার মধ্যে কোন ন্যায় নেই। যদিও এটি মাত্র একটি ধাপ এবং সরকারের সকল স্তরের সহযোগিতায় আরও কাজ করা প্রয়োজন, আমি শহরের জেলখানাগুলিতে নিরাপত্তা বাড়ানোর জন্য এই পদক্ষেপগুলি গ্রহণ করতে পেরে গর্বিত, কেবল বন্দীদের জন্যই নয়, কর্মীদের জন্যও, যারা অক্লান্ত পরিশ্রম করেন পরিচালনা অব্যাহত রাখতে।"

লেস ইজ মোর আইন স্বাক্ষর এবং বাস্তবায়ন করেন

দ্য লেস ইজ মোর অ্যাক্টের লক্ষ্য হল সংশোধন বিভাগ এবং কমিউনিটি সুপারভিশন জনগণকে সফলভাবে কমিউনিটি তত্ত্বাবধান সম্পন্ন করতে এবং ভবিষ্যতে ডিপার্টমেন্ট অফ কারেকশন্স অ্যান্ড কমিউনিটি সুপারভিশনের (Department of Corrections and Community Supervision, DOCCS) এর হেফাজতে বা তত্ত্বাবধানে ফিরে যাওয়া এড়াতে তার সংস্থানগুলির উপর মনোযোগ কেন্দ্রীভূত করে।

এই পুনরায় বন্দী হওয়া রোধ করা নিউ ইয়র্ক স্টেটকে তার সীমিত সংস্থানগুলিকে প্রকৃত প্যারোলে লঙ্ঘনগুলির দিকে মনোনিবেশ করতে দেয়। এটি পরিবারগুলির জন্য বৃহত্তর সামাজিক নিরাপত্তা এবং ন্যায় উৎসাহিত করে।

উপরন্তু, এই নতুন আইনের অনুপ্রেরণায় গভর্নর "লেস ইজ মোর" বিলে স্বাক্ষর করার সাথে, DOCCS বর্তমানে বর্তমান প্যারোল লঙ্ঘনকারীদের পর্যালোচনা করছে এবং সিটির কর্মকর্তাদের সাথে কাজ করে অবিলম্বে 191 জনকে মুক্তি দেবে, যারা আর বন্দী থাকার যোগ্য থাকবেন না।

নিউ ইয়র্ক শহরের সাথে চুক্তি

ডিপার্টমেন্ট অফ কারেকশন্স অ্যান্ড কমিউনিটি সুপারভিশন নিউ ইয়র্ক শহরের সাথে কাজ করেছে একটি বিদ্যমান বিধানের সুবিধা নিতে যা শত শত সুনির্দিষ্ট সাজাপ্রাপ্ত কারারুদ্ধ ব্যক্তিকে অনুমতি দেবে, যারা অন্তত একদিন কিন্তু এক বছরের কম সাজাপ্রাপ্ত, তাদের রাইকার্স আইল্যান্ড থেকে স্টেটের হেফাজতে স্থানান্তরিত করার অনুমতি দেওয়া হবে, যেখানে তারা DOCCS এর ফেসিলিটিগুলিতে তাদের সাজা ভোগ করবেন।

গভর্নর হোচুল আরও নির্দেশ দিচ্ছেন যে অন্তত নব্বই দিনের সাজাপ্রাপ্ত চল্লিশজন ব্যক্তিকে রাইকার্স আইল্যান্ড থেকে পরবর্তী পাঁচ দিন ধরে প্রত্যেক দিন নিউ ইয়র্ক স্টেটের ফেসিলিটিগুলিতে পাঠানো হবে। যারা যোগ্য তাদের জন্য এটি রোলিং ভিত্তিতে অব্যাহত থাকবে।

সিনেটর জুলিয়া সালাজার বলেন, "নিউ ইয়র্ক দেশের যে কোনো রাজ্যের চেয়ে প্যারোলের নন-ক্রিমিনাল 'টেকনিক্যাল' লঙ্ঘনের জন্য বেশি মানুষকে কারারুদ্ধ করে। গভর্নর হোচুল আজ লেস ইজ মোর বিলে স্বাক্ষর করার অর্থ হল হাজার হাজার নিউ ইয়র্কবাসী আমাদের প্যারোল ব্যবস্থার অনিয়মের চক্রের মধ্যে না পরে তাদের জীবন যাপন করতে সক্ষম হবেন। গণ কারাবাস শুধু ব্যক্তি ও তার পরিবারের ক্ষতিই করে না, বরং সমগ্র সম্প্রদায়ের উপর দীর্ঘমেয়াদী, নেতিবাচক প্রভাব ফেলে। লেস ইজ মোর প্রণয়ন খুবই ইতিবাচক পদক্ষেপ, যা আমরা উদযাপন করছি। রাইকার্স আইল্যান্ডের কারাগারে এবং নিউ ইয়র্কের সংশোধনমূলক সুবিধাগুলিতে অভূতপূর্ব মানবাধিকার সংকটের পরিপ্রেক্ষিতে, আমাদের এখনও অনেক কাজ করা বাকি আছে। প্যারোল ব্যবস্থাকে আরও রূপান্তরিত করতে এবং আমাদের রাজ্য জুড়ে সম্প্রদায়ের উপর ব্যাপক কারাবাসের বিধ্বংসী বিপর্যয় রোধ করতে আমাদের অবশ্যই আইনগত পদক্ষেপ নিতে হবে।"

অ্যাসেম্বলি সদস্য ডেভিড ওয়েপ্রিন বলেন, "অনেক দিন ধরে, যারা প্যারোলে আছেন তারা এই আশঙ্কার মধ্যে ছিলেন যে কারফিউতে দেরি হওয়ার মতো প্রযুক্তিগত লঙ্ঘন তাদের আবার কারাগারে পাঠাবে। আমরা সবাই জানি যে জীবনে খারাপ ঘটনা ঘটে। নিউ ইয়র্কে বসবাসকারী যে কেউ সচেতন যে সাবওয়ে এবং বাসগুলি দেরিতে চলতে পারে এবং টার ফলে একটি নির্দিষ্ট সময়সীমা মিস হতে পারে। একটি নন-ক্রিমিনাল টেকনিক্যাল প্যারোল লঙ্ঘন পরিবারগুলিকে তাদের প্রিয়জনের থেকে বিচ্ছিন্ন হওয়ার কারণ হতে পারে না। লেস ইজ মোর অ্যাক্ট ব্যক্তিদের পুনরায় কারারুদ্ধ করার শাস্তিমূলক প্রথা বন্ধ করতে সাহায্য করবে এবং তাদের নিজেদের সম্প্রদায়ের মধ্যে পুনরায় একীভূত হওয়ার সুযোগ দেবে। সংশোধন সংক্রান্ত বিধানসভা কমিটির (Assembly Committee on Correction) সভাপতি হিসাবে, আমি বহু বছর ধরে এই বিলটি নিয়ে কাজ করেছি। আমি আজ এই অতি প্রয়োজনীয় স্বাক্ষরের সাক্ষী হতে পেরে গর্বিত। আমি বিলটির স্পন্সর, আইন সংসদীয় নেতৃত্ব, গভর্নর এবং উকিলদের এই বিল নিয়ে তাদের অক্লান্ত পরিশ্রমের জন্য ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক সিভিল লিবার্টিজ ইউনিয়নের (New York Civil Liberties Union) নির্বাহী পরিচালক ডোনা লিবারম্যান বলেন, "নিউ ইয়র্কের পশ্চাদমুখী প্যারোলে ব্যবস্থায় অ-অপরাধমূলক কারিগরি কারণে প্যারোলে মানুষকে বন্দী করার প্রতিশোধমূলক, বৈষম্যমূলক এবং অমানবিক প্রথা বন্ধ করার জন্য এর ব্যাপক পরিবর্তনের সময় বহুদিন পার হয়ে গেছে। নিউ ইয়র্ককে অবশ্যই বেশিরভাগ কারিগরি লঙ্ঘনের জন্য মানুষকে কারারুদ্ধ করা বন্ধ করতে হবে, অন্যদের জন্য নিষেধাজ্ঞা সীমাবদ্ধ করতে হবে, প্যারোলে লঙ্ঘন শুনানির আগে স্বয়ংক্রিয় কারাদণ্ডের অভ্যাস বন্ধ করতে হবে, এবং দেরী না করে প্যারোলে লঙ্ঘনের অভিযোগে অভিযুক্ত ব্যক্তিদের দ্রুত একজন বিচারকের সামনে শুনানির ব্যবস্থা করতে হবে। আমরা গভর্নর হোচুলকে প্যারোলে থাকা মানুষ, তাদের পরিবার এবং যারা এই মুহূর্তে রাইকার্স আইল্যান্ডে মানবিক সংকটের সম্মুখীন হচ্ছেন তাদের কথা শুনছেন দেখে আনন্দিত, এবং আশা করি নিউ ইয়র্ক সিটি এবং রাজ্য এখন আমাদের ভাঙা অপরাধমূলক আইনি ব্যবস্থার মধ্যে বৈষম্য কমাতে অবিলম্বে ব্যবস্থা নেবে।"

লিগ্যাল এইড সোসাইটির (The Legal Aid Society) ফৌজদারি প্রতিরক্ষা অনুশীলনের অ্যাটর্নি-ইনচার্জ টিনা লুঙ্গো বলেন, "একটি কলমের দাগে, নিউ ইয়র্ক এখন অবশেষে একটি কঠোর প্যারোল প্রত্যাহার ব্যবস্থার অবসান করেছে যা বহু দশক ধরে গণকারাবাস ঘটাতে সাহায্য করেছিল। আইনটি - যদি নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব কারেকশনস অ্যান্ড কমিউনিটি সুপারভিশন তা অবিলম্বে বাস্তবায়িত করে - তাহলে রাইকার্স আইল্যান্ডে চলমান মানবধিকার সঙ্কটে অপরিহার্য ত্রাণ প্রদান করবে বর্তমানে নন -ক্রিমিনাল, টেকনিক্যাল প্যারোল লঙ্ঘনে আটক দুই শতাধিক ব্যক্তির মুক্তি নিশ্চিত করে। লিগ্যাল এইড সোসাইটি এই গুরুত্বপূর্ণ বিলকে আইনে পরিণত করার জন্য গভর্নর ক্যাথি হোচুল এবং সংসদের প্রশংসা করে যা আক্ষরিক অর্থে জীবন বাঁচাবে।"

উওমেন্স কমিউনিটি জাস্টিস অ্যাসোসিয়েশনের (Women's Community Justice Association) নির্বাহী পরিচালক শ্যারন হোয়াইট-হ্যারিগান বলেন, "লেস ইজ মোর বিলে স্বাক্ষরে এটি একটি গুরুত্বপূর্ণ ঘটনা। আমরা নতুন গভর্নর ক্যাথি হোচুলকে ধন্যবাদ জানাই এই বিলটির গুরুত্ব স্বীকার করার জন্য এবং এই অমানবিক ব্যবস্থার ভিতরে এবং বাইরে এটি

কতগুলি জীবনকে প্রভাবিত করবে এবং উন্নত করবে তা বোঝার জন্য। এটি মানুষের জীবনের ল্যান্ডস্কেপ ও গতিপথ পরিবর্তনের সূচনা। আরও অনেক কাজ করা বাকি, কিন্তু কম হল বেশি, এটা স্বীকার করেই আমরা শুরু করি !!!!!!!"

লি উইঙ্কেলম্যান, ফিল্ড টিম অর্গানাইজার, নিউ ইয়র্ক রিলিজিয়াস অ্যাকশন সেন্টার অফ রিফর্ম জুড়াইজম (New York Religious Action Center of Reform Judaism) বলেন, "RAC-NY লেস ইজ মোর অ্যাক্ট স্বাক্ষর করার জন্য গভর্নর হোচুলকে উদযাপন করে, এটি একটি নতুন আইন যা নিউ ইয়র্কের প্যারোলে সিস্টেমকে বদলে দেয় যা দেশের সব চেয়ে খারাপ ছিল। রাজ্য জুড়ে রিফর্ম জিউস লেস ইজ মোরের জন্য সমর্থন পেতে কঠোর পরিশ্রম করেছে কারণ এটি টি'শুয়ার ইহুদি নীতির মূর্ত প্রতীক, যা এই নীতিতে বিশ্বাস করে যে প্রত্যেকে তার জীবনকে ঘুরিয়ে দিতে পারে। লেস ইজ মোর অ্যাক্ট নিউ ইয়র্কের ফৌজদারি বিচার ব্যবস্থায় জাতিগত ন্যায় বাড়াবে, জননিরাপত্তাকে শক্তিশালী করবে এবং রাজ্যের অর্থ সাশ্রয় করবে।"

রেভারেন্ড পিটার কুক, নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অফ চার্চেজের নির্বাহী পরিচালক বলেন, "নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অফ চার্চেজ গভর্নর ক্যাথি হোচুলকে ধন্যবাদ জানায় লেস ইজ মোর বিল আইনে পরিণত করতে স্বাক্ষর করার জন্য। বড় বেশি দীর্ঘ সময় ধরে, অতীতের অনেক কারাবন্দী নিউ ইয়র্কবাসী প্যারোলে থাকাকালীন কারফিউ বা অ্যাপয়েন্টমেন্ট মিস করলে তাদের পুনরায় কারারুদ্ধ হওয়ার নিষ্প্রয়োজন ঝুঁকির সম্মুখীন হতে হয়েছে। প্যারোল "ধরে ফেলেছি" জাতীয় একটি আমলাতান্ত্রিক খেলা নয় যেখানে আমরা যতটা সম্ভব মানুষের জন্য নবায়ন করা কঠিন করে তুলি। প্যারোলের উদ্দেশ্য হল মানুষদের তাদের পরিবারের সাথে পুনরায় মিলিত হওয়ার, চাকরি পাওয়ার, আবাসন পাওয়ার এবং তাদের সম্প্রদায়কে প্রতিদান দেওয়ার মাধ্যমে তাদের জীবন উন্নত করতে সাহায্য করা। লেস ইজ মোর নিশ্চিত করবে যে প্যারোলের ভিত্তি হবে পুনরুদ্ধারের আদর্শ, প্রতিশোধের নীতির পরিবর্তে। প্রাক্তন রাজ্য সিনেটর এবং এখনকার লেফটেন্যান্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন, অ্যাসেম্বলি সদস্য ফারা সউফ্রান্ট ফরেস্ট এবং অন্যান্য বহু বিধায়কদের নেতৃত্বের জন্য আমরা অত্যন্ত কৃতজ্ঞ সিনেট এবং অ্যাসেম্বলিতে লেস ইজ মোর পাস করানোর ব্যবস্থা করার জন্য এবং গভর্নর হোচুলের শেটিতে সই করার সাহস ও সহানুভূতির জন্য।"

ফরচুন সোসাইটির প্রেসিডেন্ট ও নির্বাহী আধিকারিক জোঅ্যান পেজ বলেন, "আমরা অত্যন্ত কৃতজ্ঞ যে গভর্নর হোচুল লেস ইজ মোর বিল স্বাক্ষর করে আইনে পরিণত করছেন। ফরচুন সোসাইটিতে আমরা দেখেছি রাইকার্স আইল্যান্ডে পরিস্থিতি আরও বেশি বিপজ্জনক হয়ে উঠতে। সেখানে কারারুদ্ধ মানুষেরা এমনভাবে কষ্ট পাচ্ছেন যে কেউ কেউ নিজের জীবন নিয়ে নিয়েছেন। রাইকার্স আইল্যান্ডের অবস্থার ব্যাপক উন্নতি হওয়া প্রয়োজন যতক্ষণ না রাইকার্স বন্ধ করে দেওয়া হয়। যত তাড়াতাড়ি লেস ইজ মোর কার্যকর হবে, এটি প্যারোলের প্রযুক্তিগত নিয়ম ভঙ্গের অভিযোগে অভিযুক্ত ব্যক্তিদের তাদের বিরুদ্ধে অভিযোগের দ্বারা নিষ্ঠুর, বিপজ্জনক এবং সম্পূর্ণরূপে অন্যায্য অবস্থার মধ্যে আটকে রাখা থেকে বিরত করবে। আমরা গভর্নর হকহুলের প্রশংসা করি এই বিলটি আইন হিসেবে স্বাক্ষর করার জন্য। এটি আক্ষরিক অর্থেই জীবন বাঁচাবে।"

ডেরেক সিঙ্গেলটারি, আনচেইন্ড (Unchained New York) এর সহ-প্রতিষ্ঠাতা এবং সহ-নির্বাহী পরিচালক বলেন: "এটি নিউ ইয়র্কে একটি নতুন দিন! লেস ইজ মোর: কমিউনিটি সুপারভিশন রিভোকেশন রিফর্ম অ্যাক্ট হল জাতির মধ্যে এখন পর্যন্ত পাস হওয়া সব চেয়ে রূপান্তরকারী প্যারোল সংস্কার আইন। নিউ ইয়র্কের আর অন্য কোন রাজ্যের তুলনায় নন-ক্রিমিনাল টেকনিক্যাল লঙঘনের জন্য বেশি মানুষকে কারাবাস করানোর বৈশিষ্ট্য থাকবে না। পরিবর্তে, আমাদের প্যারোল ব্যবস্থা সংগ্রামকে শাস্তি দেওয়ার পরিবর্তে সাফল্যের প্রতিদান দেবে। এটি জাতিগত ন্যায় বিজয় এবং অর্থনৈতিক ন্যায়ের বিজয়। রাজ্য জুড়ে 300-টিরও বেশি দল এবং রাজনৈতিক পরিসরে কয়েক ডজন সরকারি কর্মকর্তা একটি চমকপ্রদ বার্তা পাঠিয়েছেন যে, যখন প্যারোলের কথা আসে, তখন কমই হল বেশি। আমরা আইনটিতে স্বাক্ষর করার জন্য গভর্নর হোচুলের কাছে কৃতজ্ঞ এবং লেফটেন্যান্ট গভর্নর বেঞ্জামিনের কাছে তার নতুন পদ গ্রহণের আগে সেনেটে বিলটি বহন করার জন্য, সেই সাথে অ্যাসেম্বলি সদস্য সৌফ্রান্ট-ফরেস্টের কাছেও কৃতজ্ঞ। আনচেইন্ড তার দ্রুত বাস্তবায়নের জন্য উদগ্রীব।"

কাটাল সেন্টার ফর ইক্যুইটি, হেলথ অ্যান্ড জাস্টিসের (Katal Center for Equity, Health, and Justice) আয়োজক পরিচালক কেনিয়াটা মুজান্নি বলেন: "#LessIsMoreNY স্বাক্ষর করে আইন করা শুধু নিউ ইয়র্ক নয়, পুরো দেশের জন্য একটি বড় পদক্ষেপ, কারণ এই বিলটি বুদ্ধিমান প্যারোল সংস্কারের একটি মডেল। হাজার হাজার নিউ ইয়র্কবাসী এবং তাদের পরিবারগুলি যারা ভাঙা প্যারোল অনুশীলনের দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছেন, তাদের সফল হওয়ার জন্য সুযোগ এবং সহায়তা দেওয়া হবে। এবং একবার বাস্তবায়িত হলে, এই বিলটি আমাদের রাইকার্স আইল্যান্ডকে ভালোর জন্য বন্ধ করার উদ্দেশ্যে এক ধাপ কাছে নিয়ে যাবে। এই লড়াইয়ের নেতৃত্ব দিয়েছেন অকুস্থলের মানুষরা যারা পদ্ধতিগত বর্ণবাদ, প্যারোল এবং গণকারাবাস দ্বারা প্রভাবিত হয়েছেন, এবং তাদের ছাড়া জিততে পারা যেত না। আমরা এই বিলকে আইনে স্বাক্ষর করার উদ্দেশ্যে তার নেতৃত্বের জন্য গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই। এবং আমরা প্রাথমিক বিলের স্পন্সরদের, প্রাক্তন রাজ্য সিনেটর এবং এখন লেফটেন্যান্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন, এবং অ্যাসেম্বলি সদস্য ফারা সৌফ্রান্ট ফরেস্টকে ধন্যবাদ জানাই, আজ আমাদের এখানে নিয়ে আসার উদ্দেশ্যে তাদের নেতৃত্বের জন্য। লেস ইজ মোর স্বাক্ষর হয়ে যাওয়ায় আমরা গভর্নরের সাথে কাজ করতে প্রস্তুত। হোচুল এবং তার দলকে তাদের দ্রুত এবং কার্যকর বাস্তবায়নের জন্য।"

ডোনা হিলটন, লিটল পিস অফ লাইটের প্রতিষ্ঠাতা বলেন: "আমি গভর্নর হোচুলের ফৌজদারি বিচার সংস্কারে নেতৃত্বের এবং তার দ্রুত পদক্ষেপ যা মানুষের মৌলিক অধিকার এবং মানুষের মর্যাদাকে স্বীকৃতি দেয় তার প্রশংসা করি। আমি আনন্দিত যে আজকের দিনটি এসেছে, যেমন - আমি নিশ্চিত - হাজার হাজার নিউ ইয়র্কবাসীরাও আনন্দিত যারা সমাজে ফিরে আসবেন কারণ লেসইজমোরNY এখন আইন। এটি সেই মহিলাদের জন্য একটি বিজয় যাঁরা ছোট প্যারোলের ভুলের জন্য কারাগারে ভুগছেন, বিশেষ করে কৃষ্ণাঙ্গ মহিলারা যারা অসমভাবে প্রভাবিত হয়েছেন। এটা তাদের পরিবারদের জন্য, তাদের সম্প্রদায়গুলির জন্য, সমাজের জন্য একটি বিজয়। এবং ব্যক্তিগতভাবে আমার জন্য একটি বিজয়। বেডফোর্ড হিলসে 27 বছর কারাভোগ করা একজন মহিলা হিসেবে এবং যিনি রাইকার্স দ্বীপে সময় কাটিয়েছেন সেই হিসেবে, আমি জানি এটা কতটা কষ্টকর জায়গা। গত নয় মাসে দশজনের মৃত্যুর সাথে এটি একটি জননিরাপত্তার এবং স্বাস্থ্যের সংকটে পরিণত হয়েছে। যারা মারা গেছেন আজকের

দিনটি তাদের স্বীকৃতি জানায়, যদিও দুঃখজনক, তারা অযথা মারা যাননি। লেসইজমোর একটি নজির স্থাপন করে। কিন্তু আরো অনেক কিছু করার আছে। আমাদের এখন এই মহিলাদের আবাসন খুঁজে পেতে, কর্মশক্তিতে পুনরায় যোগ দিতে, তাদের পরিবার এবং সম্প্রদায়ের সাথে পুনরায় একত্রিত হতে এবং সর্বোপরি তাদের পূর্ণ সম্ভাবনাকে স্বীকার করতে সাহায্য করতে হবে।"

কেন্ড্রা ব্র্যাডনার, কলম্বিয়া জাস্টিস ল্যাবের (Columbia Justice Lab) প্রোবেশন এবং প্যারোল প্রকল্পের পরিচালক: "আমরা এই বিলে স্বাক্ষর করার জন্য গভর্নর হোচুলকে সাধুবাদ জানাই, এবং বিল প্রবর্তন করার এবং বহন করার জন্য বিলের স্পন্সর, লেফটেন্যান্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন এবং বিধানসভার সদস্য ফারা সৌফ্রান্ট ফরেস্টকে ধন্যবাদ জানাই। এই জয়কে সুরক্ষিত করতে যে দুই-বছরের বেশি সময় লেগেছে তার সঙ্গে সরাসরি প্রভাবিত নেতাদের এবং আইনজীবীদের পাশে দাঁড়িয়ে আমরা গর্বিত। লেস ইজ মোর হল যুক্তিযুক্তভাবে দেশের সব চেয়ে সাহসী, সবচেয়ে ব্যাপক তত্ত্বাবধান সংস্কারের প্রচেষ্টা। এটি রাজ্য জুড়ে হাজার হাজার মানুষ, পরিবারদের এবং সম্প্রদায়ের জন্য প্রকৃত ন্যায়বিচারের পথ তৈরি করতে সাহায্য করতে পারে। প্যারোলের তত্ত্বাবধানকে আরও ন্যায্য, কম ক্ষতিকারক এবং প্রকৃত যথাযথ প্রক্রিয়ার দ্বারা ধরে রাখতে, লেস ইজ মোর নিউ ইয়র্ক রাজ্যের গণ তত্ত্বাবধান এবং গণবন্দি সঙ্কটের অবসান ঘটাতে সাহায্য করবে এবং ফৌজদারি আইনি ব্যবস্থায় জাতিগত ন্যায়বিচার ও সমতার দিকে আমাদের আরও এক ধাপ এগিয়ে নিয়ে যাবে।"

প্রাক্তন NYS প্রধান বিচারপতি জোনাথন লিপম্যান বলেছেন, "গভর্নর হোচুল লেস ইজ মোর আইনে স্বাক্ষর করে অর্থপূর্ণ এবং নিরাপদ কারামুক্তির দিকে একটি গুরুত্বপূর্ণ প্রথম পদক্ষেপ নিচ্ছেন। রাইকার্সের জনসংখ্যা উল্লেখযোগ্যভাবে হ্রাস করার সম্ভাবনা বিলটিতে আছে। রাইকার্সের ভয়াবহ পরিস্থিতি মোকাবেলা করার জন্য আমরা এর অবিলম্বে বাস্তবায়ন দেখতে পাব বলে আশা করছি। আমাদের অবশ্যই রাইকার্স বন্ধ করার জন্য দ্রুত এবং নিরাপদে কাজ করা অব্যাহত রাখতে হবে, যা আমাদের শহরের জন্য লজ্জাজনক কলঙ্ক হিসাবে অব্যাহত আছে।"

###

অতিরিক্ত সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন